



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ-পরিচালকের দপ্তর
ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং-৩৭.২৪.০০০০.০০০.০০০.৩২.০০০২.২৬-১৭৯

তারিখ : ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২৬ খ্রি.

সভার নোটিশ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে ২০২৬-২৭ অর্থবছরের পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে অনলাইন সফটওয়্যারের মাধ্যমে প্রাপ্ত আবেদনসমূহ প্রাথমিকভাবে যাচাই-বাছাই অন্তে ‘প্রাক-বাছাই কমিটি’র ২য় সভা আগামী ০৬/১০/২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ টায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের পরিচালক-এর সভাপতিত্বে ট্রাস্টের সভাকক্ষে (কক্ষ নং ২১৫) অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কমিটির কার্যপরিধি:

‘প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট পিএইচডি ফেলোশিপ ও বৃত্তি নির্দেশিকা, ২০২২’ এর ৯.০ নং অনুচ্ছেদে বর্ণিত আবেদনের যোগ্যতা ও বয়স এবং সমগ্র শিক্ষা জীবনে ন্যূনতম ২টি প্রথম বিভাগ আছে কিনা, সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র, পাবলিক বিশ্ববিদ্যালয়ে নিবন্ধন, গবেষণার সময়কাল এবং অন্যান্য শর্তসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যাচাই-বাছাই করে একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুতপূর্বক পরবর্তী কমিটির নিকট সুপারিশ প্রদান করবেন।

(Signature)
০৪.১০.২০২৬

(মো: ফরিদ আহমেদ)
সহকারী পরিচালক (উপবৃত্তি)
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৫৫০০০৪২৮

ই-মেইল: ad.stipend@pmeat.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
২. সহকারী পরিচালক, প্রশাসন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (সভার আপ্যায়ন ও দুপুরের খাবারের ব্যবস্থা গ্রহণসহ সভায় উপস্থিতি)।
৩. প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (সভায় উপস্থিতিসহ সভার নোটিশ ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।